বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
১৬/২, গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ।

তারবার্তা : চাষী ব্যাংক
দূরালাপনী : ০৯১-৫১৯৭৫

বিনিকা(ময়মন)/প্রশা-০১(০৪)/২০২১-২০২২/২৭৭৫ তারিখ: ২৮/০৬/২০২২ খ্রি:

**শুদ্ধাচার কমিটির ত্রৈমাসিক সভার(এপ্রিল-২০২২ থেকে জুন-২০২২ পর্যন্ত) কার্যবিবরণী**

গত ২৮/০৬/২০২২ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের জন্য শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ৪র্থ প্রান্তিকের ত্রৈমাসিক সভা(এপ্রিল-২০২২ থেকে জুন-২০২২ পর্যন্ত) বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ এর বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা মহোদয়ের কক্ষে বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত শুদ্ধাচার কমিটির ৪র্থ প্রান্তিকের ত্রৈমাসিক সভার সভাপতি বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা জনাব মোঃ গোলাম মোস্তফা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যসহ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।

অত্র কার্যালয়ের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা এবং কমিটির সদস্য সচিব জনাব মোঃ ফারুক সরকার সভা পরিচালনার দায়িত্ব পালন করেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে তিনি সঠিক সেবা দান, স্বচ্ছতা, জবাবদিহি শক্তিশালী করণ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কর্মকান্ডের উপর জোর দেন। কমিটির সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুমতি দেন।

সভায় নিম্নলিখিত বিষয় সমূহ নিয়ে আলোচনা এবং এর সমাধান সম্পর্কিত বিষয়াদি নিয়ে বিস্তারিত বক্তব্য প্রদান করা হয়।

০১. সকল অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদনের প্রাথমিক জবাব সংগ্রহ এবং জারীপত্র ইস্যু করা।

০২. Risk Based Audit Plan অনুযায়ী সময়মত শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয় এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ নিরীক্ষা সম্পন্নের বিষয়ে আলোচনা হয়।

০৩. বিভাগাধীন ১২৯টি শাখা, ৬টি মুখ্য আঞ্চলিক কার্যালয় এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহের ২০২১-২০২২ অর্থবছরের শতভাগ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়।

০৪. ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত মোতাবেক অনিষ্পন্ন অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভাগাধীন ০৬টি মুখ্য আঞ্চলিক কার্যালয়ে ক্রাশ প্রোগ্রাম সম্পন্ন করা হয়। ক্রাশ প্রোগ্রামের আওতায় উত্থাপিত ৩০৬৯টি আপত্তির মধ্যে ১৯৮৯ টি আপত্তি নিষ্পত্তি করা হয়। ২০২১-২০২২ অর্থবছরে স্বাভাবিক এবং ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সর্বমোট ৭৬১৬টি আপত্তি নিষ্পত্তি করা হয় এবং ৬৫৩ টি আপত্তি অনিষ্পন্ন আছে, যা লক্ষ্যমাত্রার অর্জনের হার ১৩২%। এজন্য কার্যালয়ের সকল কমকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

০৫. সকল অনিষ্পন্ন অনুচ্ছেদ সমূহের পরিপালন জবাব নিষ্পত্তি প্রসঙ্গে আলোচনা।

০৬. বিভাগীয় নিরীক্ষা কার্যালয় কর্তৃক মুখ্য আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহের নিরীক্ষা কার্য সম্পর্কিত আলোচনা

০৭. বানিজ্যিক নিরীক্ষার উত্থাপিত সকল অনিষ্পন্ন সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের ব্রডশীট জবাব সংগ্রহ সম্পর্কিত আলোচনা ও বিবিধ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

০৮. সঠিক সময়ে অবসরপ্রাপ্তদের দ্রুত সেবা দানের লক্ষ্যে দায়-দেনার ছাড়পত্র প্রদান।

০৯. অভ্যন্তরীন নিরীক্ষাকালীন সময়ে বিভাগীয় নিরীক্ষা দল ও আঞ্চলিক নিরীক্ষা দল কে শাখার/কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের সাথে ব্যাংকের নীতিমালা, কর্ম পদ্ধতি বিষয়ে সার্বিক ধারণা প্রদান এবং অভিজ্ঞদের অভিজ্ঞতা আদান-প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয় । নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের পরিস্কার, পরিচ্ছন্নতা, সিটিজেন চার্টারে উল্লেখিত বিষয়ে তদারকি, শাখার নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়েও তদারকির বিস্তারিত বিষয় নিয়ে আলোচনা করা হয়।

১০. প্রতিবেদন প্রস্তুতকারীকে ও সদস্য সচিবকে চলতি ৪র্থ প্রান্তিকের প্রতিবেদন যাচাই বাছাই করে বিকেবি, ওয়েবসাইটে আপলোডের পরামর্শ দেয়া হয়। এবিষয়ে অধিকতর ধারণার জন্য প্রয়োজনে বিকেবি, প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগীতা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

পরিশেষে সভায় আর কোন বিষয় আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৬/২০২২
মোঃ ফারুক সরকার
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
ময়মনসিংহ।

(মোঃ গোলাম মোস্তফা)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা(দায়িত্বে)
ও শুদ্ধাচার কমিটির সভাপতি

# জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ প্রান্তিকের সভা

তারিখ: ২৮/০৬/২০২২ খ্রিঃ

বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরসহ তালিকাঃ-

<u>সভায় উপস্থিত সদস্যগণের নামঃ-</u>

| ক্র:নং | নাম | পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ গোলাম মোস্তফা | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা | সভাপতি | |
| ০২. | জনাব মোঃ ফারুক সরকার | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য সচিব | |
| ০৩. | জনাব মোঃ হাফিজুল ইসলাম | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য | |
| ০৪. | জনাব মো: কাজিম উদ্দিন | মুখ্য কর্মকর্তা | সদস্য | |
| ০৫. | জনাব জীবুন নাহার | উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য | |
| ০৬. | জনাব তাসলিমা বেগম | কর্মকর্তা | সদস্য | |
| ০৭. | জনাব আবু হানিফ | পরিদর্শক | সদস্য ও শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পণা প্রতিবেদন প্রস্তুতকারী | |

২৮/০৬/২০২২
মোঃ ফারুক সরকার
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
ময়মনসিংহ।

২৮/০৬/২২
মোঃ গোলাম মোস্তফা
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা (দায়িত্বে)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।